গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়,
তালতলী,বরগুনা।

নাগরিক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)

www.cooparative.taltali.barguna.gov.bd

১. ভিশনঃ টেকসই সমবায়, টেকসই উন্নয়ন

মিশনঃ সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি,অকৃষি আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

২. প্রতিশ্রুত সেবাসমূহ

ক্রঃ নং	সেবার নাম	প্রয়োজনীয় কাগজপত্র	প্রয়োজনীয় কাগজপত্র/ আবেদন ফরম প্রাপ্তি স্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	সেবা প্রদানের সর্বোচ্চ সময়	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি, অফিসিয়াল টেলিফোন নং ও ই-মেইল	উর্ধ্বতন কর্মকর্তার পদবী অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	সমবায় সমিতির নিবন্ধন প্রদান	১) নিবন্ধনের জন্য আবেদন ফরম (ফরম-১) (বিধি-৫ দ্রষ্টব্য)। ২) ন্যূনতম ২০ (কুড়ি) জন একক ব্যক্তির (সর্বনিম্ন ১৮ বছর বয়সী) জাতীয়তা সনদ/জাতীয় পরিচয়পত্র। ৩) পাসপোর্ট সাইজ ছবি (প্রত্যেকের)। ৪) সাংগঠনিক সভার কার্যবিবরণী। ৫) প্রস্তাবিত সমিতি পরিচালনা কালীন সময়ের জমা-খরচ হিসাব বিবরণী এবং সদস্যগণের জমাকৃত শেয়ার ও সঞ্চয় আমানতের তালিকা। ৬) সমিতি সংগঠিত হওয়ার পরবর্তী দুই বছরের বার্ষিক বাজেট (মূলধনী ও রাজস্ব) প্রাক্কলন। ৭)তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অফিস ভাড়ার চুক্তিপত্র। ৮)স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক সমিতির অফিস ভাড়ার সম্পর্কীয় প্রত্যয়নপত্র। ৯)সমবায় সমিতি আইন ও বিধিমালা প্রতিপালন সংক্রান্ত অঙ্গীকারনামা (সমিতির সকল সদস্য কর্তৃক স্বাক্ষরিত)। ১০)ব্যাংকিং কার্যক্রম না করার বিষয়ে অঙ্গীকারনামা (সমিতির সকল সদস্য কর্তৃক স্বাক্ষরিত)। ১১)সমিতির প্রস্তাবিত উপ-আইনের ০৩ (তিন) কপি। ১২)নিবন্ধন ফি ও ভ্যাট পরিশোধের চালান কপি। ১৩)কৃষি বা কৃষক, মৎস্যজীবী বা মৎস্যচাষী, শ্রমজীবী, মৃৎশিল্পী, তাঁতী, ভূমিহীন, বিত্তহীন, মহিলা, হকার্স, পরিবহন মালিক বা শ্রমিক, কর্মচারী, দুগ্ধ, মুক্তিযোদ্ধা, যুব (১৮ হতে ৩৫ বছর বয়সী), অটোরিক্সা, অটো টেম্পো, টেক্সিক্যাব, মটর, ট্রাক বা ট্যাঙ্ক লরি চালক, ফ্ল্যাট বা এপার্টমেন্ট মালিক, দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট উল্লেখিত নামে সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে ব্যক্তি সদস্যের মূল পেশার সাথে সমিতির ধরণের মিল থাকা আবশ্যক। ১৪)নিবন্ধন পূর্ব প্রশিক্ষণ।	উপজেলা সমবায় কার্যালয়, তালতলী, বরগুনা। অথবা www.cooparative.taltali.barguna.gov.bd	ক) নিবন্ধন ফিঃ জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে ৫০০০/- টাকা, কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে ১০০০/- টাকা, অন্যান্য প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে ৩০০/- টাকা ট্রেজারী চালান মূলে সরকারী কোষাগারে পরিশোধযোগ্য। খ) ভ্যাটঃ নির্ধারিত নিবন্ধন ফি এর উপর ১৫% হারে ভ্যাট ট্রেজারী চালানমূলে সরকারী কোষাগারে পরিশোধযোগ্য।	আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে	উপজেলা সমবায় কর্মকর্তা তালতলী,বরগুনা। ফোন নং-০২৪৭৮৮৮৭৯০৯ ucotaltoli2019 @gmail.com	জেলা সমবায় কর্মকর্তা বরগুনা ০২৪৭৮৮৮৬৪৭০ dco_barguna@ gmail.com
০২	প্রশিক্ষণ	ভ্রাম্যমাণ প্রশিক্ষণঃ- উপজেলা সমবায় অফিস/ ভ্রাম্যমাণ ইউনিট নির্ধারিত তারিখে উপস্থিত হয়ে প্রশিক্ষণ প্রদান করে থাকে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণঃ- ১. কোর্স শুরুর ৭ সাত দিন আগে উপজেলা/জেলা সমবায় অফিস হতে মনোনয়ন আদেশ সংগ্রহ ২. দুই কপি ছবি, মনোনয়ন আদেশের কপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সঙ্গে নিতে হবে।	উপজেলা সমবায় কার্যালয়, তালতলী, বরগুনা।	বিনামূল্য	০১ দিন, ০৫ দিন, ১০ দিন ও ১৫ দিন	উপজেলা সমবায় অফিসার/ ভ্রাম্যমাণ ইউনিট	জেলা সমবায় কর্মকর্তা বরগুনা ০২৪৭৮৮৮৬৪৭০ dco_barguna@ gmail.com
০৩	অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন	প্রাথমিক সমিতি মেয়াদের মধ্যে নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করতে ব্যর্থ হলে ৫০ হাজার টাকার নীচে শেয়ার মূলধন বিশিষ্ট সমবায়ের মেয়াদ পূর্তির সাথেসাথে উপজেলা সমবায় অফিসার অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করবেন।	১. সমিতির প্যাডে আবেদন ২. কমিটি ভেঙ্গে দেয়া হলে সাধারন সভার রেজুলেশন। ৩. পদত্যাগ করলে পদত্যাগ পত্রসমূহ।	বিনামূল্য	০৩ হতে ০৭ দিন	উপজেলা সমবায় কর্মকর্তা তালতলী,বরগুনা। ফোন নং-০২৪৭৮৮৮৭৯০৯ ucotaltoli2019@gmail.com	জেলা সমবায় কর্মকর্তা বরগুনা ০২৪৭৮৮৮৬৪৭০ dco_barguna@ gmail.com
০৪	সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০১৩) এর ৪৯ ধারায় সমিতির তদন্ত সম্পাদন	১। অর্থ সরবরাহকারী প্রতিষ্ঠানের আবেদন, ২। কমিটির ১/৩ অংশের আবেদন, ৩। সমিতির মোট সদস্যের ১০% সদস্যের আবেদন, ৪। নিরীক্ষা প্রতিবেদনের সুপারিশ ৫। নিবন্ধকের অধঃস্তন কোন কর্মকর্তার সুপারিশকৃত সুনির্দিষ্ট রিপোর্টের প্রেক্ষিতে।	সংশ্লিষ্ট সমিতি/ উপজেলা সমবায় কার্যালয়, তালতলী,বরগুনা।	বিনামূল্য		উপজেলা সমবায় কর্মকর্তা তালতলী,বরগুনা। ফোন নং-০২৪৭৮৮৮৭৯০৯ ucotaltoli2019@gmail.com	জেলা সমবায় কর্মকর্তা বরগুনা ০২৪৭৮৮৮৬৪৭০ dco_barguna@ gmail.com
০৫	বার্ষিক নিরীক্ষা সম্পাদন (প্রাথমিক ও কেন্দ্রীয়)	প্রতি সমবায় বর্ষে সমিতির আবেদনের প্রেক্ষিতে/ নিবন্ধক নিজ উদ্যোগে অডিট বরাদ্দ প্রদান করা হয় এবং বরাদ্দকৃত কর্মকর্তা অডিট সম্পাদন করে এক প্রস্থ অডিট প্রতিবেদন সমিতিতে এবং এক প্রস্থ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করবেন।	আবেদনের প্রেক্ষিতে বা আবেদন ছাড়াও	বিনামূল্য	১. প্রতিবছর ৩১ ডিসেম্বর এর মধ্যে কেন্দ্রীয় সমবায় সমিতি এবং ৩১ মার্চ মাসের মধ্যে প্রাথমিক সমবায় সমিতি দিনের মধ্যে।	শেয়ার মূলধন ৫০ হাজার টাকা বা তার কম প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে উপজেলা সমবায় অফিসার	জেলা সমবায় কর্মকর্তা বরগুনা ০২৪৭৮৮৮৬৪৭০ dco_barguna@ gmail.com
০৬	অডিট ফি জমা গ্রহণ	১. অডিট নোটের ভিত্তিতে অডিট ফি নির্ধারণ ২. অডিট ফি ট্রেজারী চালানের কোড ১-৩৮৩১-০০০০-২০২৯ মাধ্যমে ব্যাংকে জমা প্রদান ৩. ট্রেজারী চালানের কপি উপজেলা সমবায় অফিসে জমা প্রদান।	চালানের কপি	নীট লাভের প্রতি ১০০ টাকা বা উহার অংশের জন্য ১০ টাকা, তবে সর্বোর্চ ১০০০০ টাকা (প্রাথমিক) এবং ৩০০০০ টাকা (কেন্দ্রীয় ও জাতীয়) ট্রেজারী চালান।	যে বর্ষে অডিট সম্পাদিত হয়েছে উক্ত বর্ষের জুন মাসের মধ্যে	উপজেলা সমবায় কর্মকর্তা তালতলী,বরগুনা। ফোন নং-০২৪৭৮৮৮৭৯০৯ ucotaltoli2019@gmail.com	জেলা সমবায় কর্মকর্তা বরগুনা ০২৪৭৮৮৮৬৪৭০ dco_barguna@ gmail.com
০৭	সমবায় বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প আশ্রয়ন /আশ্রয়ন-২/ আশ্রয়ণ ফেইজ-২ / ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক/ গাভী পালন এর উপকারভোগীদের মধ্যে ঋণ বিতরণ	১. নির্ধারিত ছকে আবেদন। ২. ০২ প্রস্থ ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ৩. প্রকল্পেরে আওতায় গঠিত সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির রেজুলেশন। ৪. অঙ্গিকারনামা। ৫. উপজেলা ঋণ প্রদান কমিটির সুপারিশ	আবেদনকারী/ উপজেলা সমবায় কার্যালয়, তালতলী,বরগুনা।	বিনামূল্য	৩০ দিন	উপজেলা সমবায় অফিসার/ উপজেলা নির্বাহী কর্মকর্তা তালতলী,বরগুনা।	জেলা সমবায় কর্মকর্তা বরগুনা ০২৪৭৮৮৮৬৪৭০ dco_barguna@ gmail.com

* প্রযোজ্য কাগজপত্রাদি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩. আপনার (সেবা গ্রহীতার) কাছে আমাদের (সেবা প্রদানকারীর) প্রত্যাশা।

ক্রঃনং	প্রতিশ্রুত/কাঙ্খিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করনীয়
১.	স্বয়ং সম্পূর্ণ আবেদন জমা প্রদান।
২.	যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফিস পরিশোধ করা।
৩.	প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল ম্যাসেজ/ই-মেইলের নিদের্শনা অনুসরন করা।
৪.	স্বাক্ষাতের জন্য ধার্য তারিখে নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা।
৫.	অনাবশ্যক ফোন/তদবির না করা।

উপজেলা সমবায় কর্মকর্তা
তালতলী,বরগুনা।
ফোন নং-০২৪৭৮৮৮৭৯০৯
ucotaltoli2019@gmail.com

৪. কোন নাগরিক জেলা সমবায় কার্যালয় হতে কোন কাঙ্খিত সেবা না পেলে বা সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে পর্যায়ক্রমে তিনি নিম্নরুপভাবে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) এ অভিযোগ করতে পারবেন।

ক্রমিক নং	কখন যোগাযোগ করবেন	কার সঙ্গে যোগাযাগ করবেন	যোগাযোগের ঠিকানা	নিষ্পত্তির সময়সীমা
১	২	৩	৪	৫
০১	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)	জনাব মোহাম্মদ আল-আমিন জেলা সমবায় কর্মকর্তা ০২-৪৭৮৮৮৬৪৭০ dco_barguna@yahoo.com	৩০ কার্যদিবস
০২	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে	আপীল কর্মকর্তা	জনাব মুহাম্মদ আবদুল্লা আল মামুন যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল। মোবাঃ ০১৮১৭০৮৬৩১৪ jrbarisal@gmail.com	২০ কার্যদিবস
০৩	আপীল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে	সমবায় অধিদপ্তরের অভিযোগ ব্যবস্থাপনা সেল	সমবায় অধিদপ্তর, ঢাকা।	৬০ কার্যদিবস